

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের তৃতীয় বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ : ৩০ জুন, ২০২১
সময় : সকাল ১১-০০ টা
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

উপস্থিতি : সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন এবং নবাগত ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার জনাব কাজী মোহাম্মদ হাসানে-কে বোর্ডের সকল সদস্যগণের পক্ষে স্বাগত জানান। ক্যান্টনমেন্ট বোর্ড একটি টিম হিসেবে সেনানিবাসের সকল বাসিন্দাদের নাগরিক সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক প্রচেষ্টা কামনা করেন। উপস্থাপিত আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১: ১৩ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী দৃষ্টিকরণ ও বাস্তবায়ন অগ্রগতি।
আলোচনা: গত ১৩ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১ সালের দ্বিতীয় বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। মোট ৩০টি গৃহীত সিদ্ধান্তের বিপরীতে ২৯টির উপর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৯৬.৬৬%। অবশিষ্ট একটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য কর্ণেল সৈয়দ ওবায়দুল্লাহ হেল সাফী, এএফডব্লিউসি, পিএসসি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস ২০২১ সালের দ্বিতীয় বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।
সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের দ্বিতীয় বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যবিষয়-২: এপ্রিল ও মে, ২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে এপ্রিল, ২০২১ মাসে ৪৮,০৭,০৫৪/- (আটচল্লিশ লক্ষ সাত হাজার চুয়ান্ন) টাকা এবং মে, ২০২১ মাসে ৫৭,৭৭,৭৭৫/- (সাতান্ন লক্ষ সাতাত্তর হাজার সাতশত পঁচাত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০২০-২০২১ অর্থ বছরের প্রাক্কলিত আয় ২০,৭১,১৮,০০০/- (বিশ কোটি একাত্তর লক্ষ আঠার হাজার) টাকার বিপরীতে মে, ২০২১ পর্যন্ত রিভেটসহ আদায় হয়েছে ২৩,৪০,১৮,৬৪৩/- (তেইশ কোটি চল্লিশ লক্ষ আঠার হাজার ছয়শত তেতাল্লিশ) টাকা, যা মোট দাবীর ১১২.৯৮%।
সিদ্ধান্ত: ২.১: ফেব্রুয়ারি ও মার্চ-২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী অবলোকন করা হলো।
২.২: বোর্ডের আওতাধীন এলাকার বকেয়া রাজস্ব আদায় জোরদার করতে হবে।
২.৩: সঠিকভাবে রাজস্ব/দাবী এসেসমেন্ট করতে হবে।

আলোচ্যবিষয়-৩: এপ্রিল ও মে-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা: ৩.১: স্থানীয় আয়ের উৎস হতে এপ্রিল, ২০২১ মাসে ১,২০,১৬,৫০৬/- (এক কোটি বিশ লক্ষ ষোল হাজার পঁচাত্তর ছয়) টাকা এবং মে, ২০২১ মাসে ২,১৭,২৪,১২১/- (দুই কোটি সত্তের লক্ষ চব্বিশ হাজার একশত একুশ) টাকা আয় হয়েছে।
৩.২: মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় এপ্রিল, ২০২১ মাসে ২১,১৬,৭৪,৮৬৯/- (একুশ কোটি ষোল লক্ষ চুয়ান্ন হাজার আটশত ঊনসত্তর) টাকা এবং মে, ২০২১ মাসে ১৩,৬৪,৫১,৪৫৪/- (তের কোটি চৌষট্টি লক্ষ একান্ন হাজার চারশত চুয়ান্ন) টাকা।
৩.৩: অপরদিকে এপ্রিল, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৯,৭০,৩৪,৭৩০/- (নয় কোটি সত্তের লক্ষ তেত্রিশ হাজার সাতশত ত্রিশ) টাকা এবং মে, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৭,৮৫,৯১,৭৯১/- (সাত কোটি পঁচাত্তর লক্ষ একান্ন হাজার সাতশত একান্ন) টাকা।

সিদ্ধান্ত: এপ্রিল ও মে-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৪:
আলোচনা:

মে-২০২১ মাসের স্বাস্থ্য বিবরণী অবলোকন।

স্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকায় স্বাস্থ্যগত পরিবেশ-সন্তোষজনক। সঠিক স্বাস্থ্যগত পরিবেশ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সকলকে বাংলাদেশ আর্মি আদেশ ০৩/৯৬ কঠোরভাবে পালন করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা কর্তৃক দৈনিক, মাসিক ও বিশেষ কর্মসূচীর মাধ্যমে ঢাকা সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ভাবে মশা, মাছি ও কীটপতঙ্গ নিধনকারী ঔষধ ছিটানো হচ্ছে। এসবিএও ০৩/৯৬ অনুযায়ী ইউনিট/সংস্থান নিজস্ব এলাকায় এন্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। অতিমারী করোনার (কোভিড-১৯) কারণে ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা, উন্মুক্ত রাস্তায় নিয়মিত ব্লিচিং পাউডার ছিটানো ও স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডসহ ঢাকা সেনানিবাসের অন্যান্য সংস্থা নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্ষা মৌশমে সেনানিবাসের ড্রেনসমূহ নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। এছাড়াও স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেল্থ অর্গানাইজেশন এডিস মশার লার্ভা নিধনে নিয়মিত কার্যক্রম পরিচালনা করছে বলে সভায় অবহিত করা হয়।

সিদ্ধান্ত:

সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং মশা-মাছি ও কীট পতঙ্গ দমন কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে।

আলোচ্যবিষয়-৫:

ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর/হেবা অনুমতি প্রসঙ্গে আলোচনা:-

ক্রঃ নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রোতা/গ্রহীতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা	সেনাসদর এর ছাড়পত্র	মন্তব্য
১.	বাড়ী নং-৩৭/এ, ফ্ল্যাট নং-৫/এ (৫ম তলা), রোড নং-৫ (নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এ. এইচ. এম. আব্দুল মোমেন, পিএসসি, চেয়ারম্যান, মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জেনাব সালাহউদ্দিন আহমেদ সেলিম গং এর নিযুক্তীয় আম-মোস্তার), বাড়ী নং-৩৮৭, রোড নং-২৯, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	জনাব আব্দুস সামাদ পিতা-মরহুম আব্দুল হাফিজ মাতা-সৈয়দা গুলশান আরা বেগম, বর্তমান ঠিকানা- ফ্ল্যাট নং-৫/এ, ৫ম তলা, রোড নং-৫, (নাজির রোড) প্লট নং-৩৭/এ, (বন্টনকৃত পূর্বাংশ), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। স্থায়ী ঠিকানা- গ্রাম হাতুড়াবাড়ী, পোঃ- হাতুড়াবাড়ী, থানা-কসবা, জেলা-রামপুরহাট।	০৪ মার্চ ২০২১ তারিখের ২৩.০১.৯০ ১.৮০০.০২ ১২১.০১.৪৩ ৭৮.০৪.০৩. ২০২১ নং পত্র।	২৩ মে ২০২১ তারিখের ৩৯১৭/১/এম কিউ- ২/৩৭/এ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭৮৭ বর্গফুঃ ০১টি ফ্ল্যাট, নিচ তলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ বিক্রয়/ হস্তান্তর অনুমতি। প্লট মালিক এবং ডেভেলপার কোম্পানীর মধ্যে মামলা রয়েছে তবে ফ্ল্যাট বিক্রয়/ হস্তান্তরের অনুমতির বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার সম্মত গ্রহণ করা হয়েছে।
২.	বাড়ী নং- ৩০/এফ, ফ্ল্যাট নং-৩/১ (৩য় তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মরহুম আলহাজ্ব আবুল কাশেম বিশ্বাস, বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৯, রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা- ১২০৬।	জনাব প্রদীপ কুমার বসাক, পিতা-মৃত সনীন্দ্র লাল বসাক, মাতা-শান্তি প্রভা বসাক বর্তমান ঠিকানাঃ বাড়ী নং- ৩০/এফ, ফ্ল্যাট নং-৩/১, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-রাখুরা, ডাকঘর-সিতরা, উপজেলা- মানিকগঞ্জ সদর, জেলা- মানিকগঞ্জ।	১৭ মে ২০২১ তারিখের ২৩.০১.৯০ ১.৮০০.০৩. ০২৮.০১.১ ৭.০৫.২১ নং পত্র।	১৫ জুলাই ২০২০ তারিখের ৩৯১৭/১/প্লট / ফ্ল্যাট- (ক্রয়/বিক্রয়)/ ক্যান্টবোর্ড- ঢাকা/এমকি উ-২ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন কমবেশী ২২৭৫ বর্গফুঃ ০১টি ফ্ল্যাট (কমন স্পেসসহ), নিচ তলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্র নং	ক্যান্টনমেন্ট বাজার এলাকা প্লট/ফ্ল্যাট নম্বর	বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম	ক্রোতা/গ্রহীতার নাম	সিদ্ধান্ত
১.	বাড়ী নং-৩৭/এ, ফ্ল্যাট নং-৫/এ (৫ম তলা), রোড নং-৫ (নাজির রোড)	ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এ. এইচ. এম. আব্দুল মোমেন, পিএসসি, চেয়ারম্যান, মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জেনাব সালাহউদ্দিন আহমেদ সেলিম গং এর নিযুক্তীয় আম-মোস্তার)	জনাব আব্দুস সামাদ পিতা-মরহুম আব্দুল হাফিজ মাতা-সৈয়দা গুলশান আরা বেগম	প্রস্তাবিত ক্রোতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২.	বাড়ী নং-৩০/এফ, ফ্ল্যাট নং-৩/১ (৩য় তলা), রোড নং-৪	জনাব মোঃ সাইফুল ইসলাম পিতা-মরহুম আলহাজ্ব আবুল কাশেম বিশ্বাস	জনাব প্রদীপ কুমার বসাক, পিতা-মৃত মনীন্দ্র লাল বসাক, মাতা-শান্তি প্রভা বসাক	প্রস্তাবিত ফ্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
----	--	---	--	---

আলোচ্যবিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ নামজারীর অনুমতির বিষয়ে আলোচনা:-

ক্র নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা	গ্রহীতা/ফ্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ	ডিজিএফআইএর ছাড়পত্র/রেজিস্ট্রিকৃত হেবাদলিলমূলে	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
১.	বাড়ী নং-৪৩/ডি, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ), রোড নং-৮	জনাব নাসির উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক, মোহনা ডেভেলপমেন্টস লিঃ ও জনাব মাহমুদ হাসান, চেয়ারম্যান, সানবীম বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ (জনাব গোলাম কবির তালুকদার, পিতা-মৃত মোহাম্মদ আলী তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার)	লেঃ জেনাঃ আতাউল হাকিম সারওয়ার হাসান, এসবিপি, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি পিতা-মৃত আব্দুল হাকিম মাতা-মৃত মোসাঃ হাসিনা খাতুন বর্তমান ঠিকানা-ডিসি, বিইউপি, মিরপুর সেনানিবাস, ঢাকা।	২৭ ডিসেম্বর ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০২.২৬৬ ৬.২৭.১২.২০ নং পত্র।	০৭ জানুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৬.০৫.০০৫. ২০.প্র.৪৩/ডি. ফ্ল্যা.এ৫-১৪০১ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০০ বর্গফুঃ ০১টি ফ্ল্যাট, নিচ তলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অর্চিফিত জমি ও অন্যান্য সুবিধাসহ। ভবনটির নির্মাণ কাজ চলমান রয়েছে। নামজারীর জুতাপেক্ষ অনুমোদন।
২.	বাড়ী নং-৪৩/ডি, ফ্ল্যাট নং-বি/৬ (৭ম তলা উত্তর), রোড নং-৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	জনাব নাসির উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক, মোহনা ডেভেলপমেন্টস লিঃ ও জনাব মাহমুদ হাসান, চেয়ারম্যান, সানবীম বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ (জনাব গোলাম কবির তালুকদার, পিতা-মৃত মোহাম্মদ আলী তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-০২ (১ম তলা), লেক সার্কাস রোড, কলাবাগান, ঢাকা-১২০৫। তারিখ- ০৬/০৯/২০২০	লেঃ জেনারেল মোঃ সফিকুর রহমান, পিতা-আব্দুল লতিফ মিয়া, মাতা-মমতাজ বেগম স্থায়ী ঠিকানা-হাইজ নং-২৮৭, ফ্ল্যাট নং-এ/৪, রোড নং-৭, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। বর্তমান ঠিকানা- সেনাসদর, সিজিএস শাখা, (সমন্বয়), ঢাকা সেনানিবাস।	২৭ ডিসেম্বর ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.২৬৫ ৯.২৭.১২.২০ নং পত্র।	০৭ জানুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৬.০৫.০০৫. ২০.প্র.৪৩/ডি. ফ্ল্যা.এ৫-১৪০০ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০০ বর্গ ফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অর্চিফিত জমি ও অন্যান্য সুবিধাসহ। ভবনটির নির্মাণ কাজ চলমান রয়েছে।
৩.	বাড়ী নং-২০, ফ্ল্যাট নং-এবি/৫ (৬ষ্ঠ তলা, পূর্ব পার্শ্ব ভবন), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	মিসেস শাহিন সিদ্দিক স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক বাড়ী নং-২০, ফ্ল্যাট নং-এবি-৫, (৬ষ্ঠ তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং), রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব সফিকুল আলম পিতা-মরহুম মনির উদ্দিন আহমেদ, বর্তমান ঠিকানা-ফ্ল্যাট নং-২/৪০১, ইস্টার্ন প্যালেস, বাড়ী নং-২১, সিদ্ধেশ্বরী লেন, শান্তিনগর, রমনা, ঢাকা	০৬ নভেম্বর ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০৩.০২৮.০১.০৬. ১১.১৭ নং পত্র।	২৩ নভেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃপ্লট নং-২০/ফ্ল্যাট নং-এবি-৫/৬ষ্ঠ তলা/পূর্ব পার্শ্ব বিল্ডিং/৬৮ নং পত্র	ফ্ল্যাটের আয়তন কমবেশী ৩৪০০ বর্গফুঃ, এবি-৫ নং ফ্ল্যাট, বেজেমেটে ০২টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অর্চিফিত জমি ও অন্যান্য সুবিধাসহ। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৯

সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে নামজারী সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্র নং	প্লট/ফ্ল্যাট নম্বর	বিক্রেতা/দাতার নাম	গ্রহীতা/ক্রেতার নাম	ফ্ল্যাটের আয়তন ও অন্যান্য সুবিধাদি	গৃহীত সিদ্ধান্ত
১.	বাড়ী নং-৪৩/ডি, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ), রোড নং-৮	জনাব নাসির উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক, মোহনা ডেভেলপমেন্টস লিঃ ও জনাব মাহমুদ হাসান, চেয়ারম্যান, সানবীম বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ (জনাব গোলাম কবির তালুকদার, পিতা-মৃত মোহাম্মদ আলী তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার)	লেঃ জেনাঃ আতাউল হাকিম সারওয়ার হাসান এসবিপি, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি পিএসসি, পিএইচডি পিতা-মৃত আব্দুল হাকিম মাতা-মৃত মোসাঃ হাসিনা খাতুন	ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০০ বর্গফুঃ ০১টি ফ্ল্যাট, নিচ তলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ	রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা লেঃ জেনাঃ আতাউল হাকিম সারওয়ার হাসান, এসবিপি, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি পিতা-মৃত আব্দুল হাকিম মাতা-মৃত মোসাঃ হাসিনা খাতুন এর নামে নামজারীর ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।
২.	বাড়ী নং- ৪৩/ডি, ফ্ল্যাট নং-বি/৬ (৭ম তলা উত্তর), রোড নং-৮	জনাব নাসির উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক, মোহনা ডেভেলপমেন্টস লিঃ ও জনাব মাহমুদ হাসান, চেয়ারম্যান, সানবীম বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ (জনাব গোলাম কবির তালুকদার, পিতা-মৃত মোহাম্মদ আলী তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার)	লেঃ জেনারেল মোঃ সফিকুর রহমান, পিতা- আব্দুল লতিফ মিয়া, মাতা- মমতাজ বেগম	ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১৫০ বর্গ ফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত /অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ	রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা লেঃ জেনারেল মোঃ সফিকুর রহমান, পিতা-আব্দুল লতিফ মিয়া, মাতা-মমতাজ বেগম এর নামে নামজারীর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।
৩.	বাড়ী নং-২০, ফ্ল্যাট নং- এবি/৫ (৬ষ্ঠ তলা, পূর্ব পার্শ্ব ভবন), রোড নং-৪	মিসেস শাহিন সিদ্দিক স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক	জনাব মফিকুল আলম পিতা-মরহম মনির উদ্দিন আহমেদ, মাতা- মরহমা ফাতেমা খাতুন	ফ্ল্যাটের আয়তন কমবেশী ৩৪০০ বর্গফুঃ, এবি-৫ নং ফ্ল্যাট, বেজেমেন্টে ০২টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ।	রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব মফিকুল আলম পিতা-মরহম মনির উদ্দিন আহমেদ, মাতা- মরহমা ফাতেমা খাতুন এর নামে নামজারীর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৭:

ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৮৯১০ বর্গফুট বা ১২.৩৭৫ কাঠা জমি বিশিষ্ট ৩৬ নং প্লটে বাড়ী নির্মাণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্লট মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী এর পক্ষে জনাব মোহাম্মদ তারিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, শাহজালাল ল্যান্ড এন্ড এ্যার্পার্টমেন্ট কোং লিঃ-কে অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী নিয়োগের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা:

ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৮৯১০ বর্গফুট বা ১২.৩৭৫ কাঠা জমি বিশিষ্ট ৩৬ নং প্লটের ইজারাসূত্রে মালিক মিসেস রেজিয়া শহীদুল্লাহ, স্বামী-এস এম শহীদুল্লাহ। উক্ত প্লটে দোতলা ভবন বিদ্যমান রয়েছে। মিসেস রেজিয়া শহীদুল্লাহ, স্বামী-এস এম শহীদুল্লাহ গত ০২ অক্টোবর ২০১৪ তারিখে মৃত্যুবরণ করায় উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ওয়ারিশানসূত্রে ০৫(পাঁচ) জন যৌথ মালিক যথা (১) এস এম শহীদুল্লাহ, পিতা-এস এম হানিফ (২) জনাব শামীম মাহমুদ (৩) শেখ এম শাকিল (৪) শরিফা মাহমুদ মেহেদী ও (৫) সাবিনা মাহমুদ জামান, সর্বপিতা-এস এম শহীদুল্লাহ জনাব

এস এম শহীদুল্লাহ এর আবেদনের প্রেক্ষিতে তঁর মালিকানার অংশটুকু তঁর চার সন্তান (১) জনাব শামীম মাহমুদ (২) শেখ এম শাকিল (৩) শরিফা মাহমুদ মেহেদী ও (৪) সাবিনা মাহমুদ জামান এর নামে হেবা/দান করার অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে অনুমতিপত্রের শর্ত মোতাবেক দাখিলকৃত খসড়া দলিল ভেটিং করে অত্র দপ্তরের ১৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.০৪৫. ০৪৫.৬৯.মহা.প্র.৩৬-১২৭-৩৪৩ নং পত্রে রেজিস্ট্রি দলিল সম্পাদন করার জন্য অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে হেবা/দানপত্র দলিল রেজিস্ট্রি সম্পাদন করে উক্ত (১) জনাব শামীম মাহমুদ (২) শেখ এম শাকিল (৩) শরিফা মাহমুদ মেহেদী ও (৪) সাবিনা মাহমুদ জামান, সর্বপিতা-এস এম শহীদুল্লাহ এর নামে যৌথভাবে নামজারী করার জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.০৫. ০০৫.৬৯.মহা.সদর.প্র.৩৬-১৫৯২ নং পত্রে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর জনাব এস এম শহীদুল্লাহ এর মালিকানার অংশটুকু তঁদের নামে নামজারী করা হয়। উক্ত প্লটে বহুতল বিশিষ্ট ফ্ল্যাট বাড়ী নির্মাণ, ডেভেলপার কোম্পানীর অংশের ফ্ল্যাটসমূহ বেচা-বিক্রি-হস্তান্তর এবং প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদনের জন্য বর্তমান মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী শাহজালাল ল্যান্ড এন্ড এ্যাপার্টমেন্ট কোং লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, জনাব মোহাম্মদ তারিকুল ইসলাম-কে অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী নিয়োগের অনুমতি চেয়ে ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনের সাথে দাখিলকৃত পাওয়ার অব এটর্নী খসড়া দলিল এবং আবেদনের বিষয়ে আইনগত মতামত গ্রহণের জন্য নথিটি অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হলে তিনি ১৬ জুন ২০২১ তারিখে নিম্নোক্ত মতামত প্রদান করেছেন:-

“নথি পর্যালোচনা করিয়া দেখা গেল। মহাখালী সদর এলাকার ৮৯১০ বর্গফুট বা ১২.৩৭৫ কাঠা জমি যৌথ মালিকগণ উক্ত জমির উপর বহুতল ভবন নির্মাণ ও বিক্রয়ের উদ্দেশ্যে ডেভেলপার কোম্পানী বরাবর যে অপ্রত্যাহারযোগ্য আম-মোক্তারনামা প্রদানের দলিলের খসড়াটি পর্যালোচনা অন্তে উহা আইনানুগ ও সঠিক আছে মর্মে প্রতীয়মান হয়।”

এমতাবস্থায় মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী শাহজালাল ল্যান্ড এন্ড এ্যাপার্টমেন্ট কোং লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ তারিকুল ইসলাম-কে অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী নিয়োগের অনুমতি প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত: মহাখালী সদর এলাকার ৮৯১০ বর্গফুট বা ১২.৩৭৫ কাঠা জমি বিশিষ্ট ৩৬ নং প্লটে বাড়ী নির্মাণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্লট মালিকগণ (১) জনাব শামীম মাহমুদ (২) শেখ এম শাকিল (৩) শরিফা মাহমুদ মেহেদী ও (৪) সাবিনা মাহমুদ জামান, সর্বপিতা-এস এম শহীদুল্লাহ কর্তৃক জনাব মোহাম্মদ তারিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, শাহজালাল ল্যান্ড এন্ড এ্যাপার্টমেন্ট কোং লিঃ-কে শূণ্যী গ্রহণ সাপেক্ষে অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী নিয়োগের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৮: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৫০ নং প্লট ও প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ফ্ল্যাটসমূহ, কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সাধারণ সুবিধাদিসহ আপোষ-বন্টননামা দলিল রেজিস্ট্রিসহ উত্তরাধিকারসূত্রে নামজারীর অনুমতি প্রসংগে।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৫০ নং প্লট ও প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর মালিক মেজর (অবঃ) জসীম উদ্দিন, পিতা-মরহুম আলহাজ্ব আইয়ুব আলী। তিনি ১০ জুন ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তিনি (১) ওয়াহিদা জসীম (স্ত্রী), (২) শারমিন জসিম (মেয়ে) ও (৩) আসিফ জসীম (ছেলে)সহ মোট ০৩(তিন) জন ওয়ারিশ রেখে গেছেন (ওয়ারিশন সনদপত্র মোতাবেক)। উক্ত প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর মোট ১২(বার) টি ফ্ল্যাট রয়েছে। উক্ত ফ্ল্যাটসমূহ নিম্নোক্তভাবে আপোষ-বন্টননামা দলিল রেজিস্ট্রিকরণসহ উত্তরাধিকারসূত্রে নামজারীর জন্য ১০ এপ্রিল ২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। নথি পর্যালোচনায় দেখা যায়, উক্ত প্লটে বাড়ী নির্মাণকালে প্লটের পিছনে অননুমোদিতভাবে ৩৬০ বর্গফুট ক্যান্টিলিভার বারান্দা নির্মাণ করা হয়েছে। উক্ত অননুমোদিত নির্মাণ অপসারণ করার জন্য অত্র দপ্তরের ০২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৫০/ক্যাঃআঃএঃ/১৮১ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। বিষয়টি মালিকগণকে অবহিত করা হলে ১১ এপ্রিল ২০২১ তারিখের আবেদনে নির্মিত বাড়ীর অননুমোদিত নির্মাণ ভেঙ্গে ফেলা হলে ভবনের ক্ষতি হবে এবং সৌন্দর্য নষ্ট হবে মর্মে উক্ত অননুমোদিত নির্মাণ অপসারণ না করে জরিমানা গ্রহণপূর্বক নিয়মিত করার জন্য অনুরোধ করেছেন। উল্লেখ্য ২০১৮ সালের পূর্বে ক্যান্টনমেন্ট বাজার এলাকায় উক্তরূপ প্লটসমূহে অননুমোদিত নির্মাণের ক্ষতিপূরণ/জরিমানা প্রতি বর্গফুট ২০০/- (দুইশত) টাকা হারে আদায় করা হয়েছে। এমতাবস্থায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট সমূহ আপোষ-বন্টননামা দলিল রেজিস্ট্রিসহ উত্তরাধিকারসূত্রে নামজারীর অনুমতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটে নির্মিত বাড়ীর ৩৬০ বর্গফুট অননুমোদিত নির্মাণ ২০১৮ সালের পূর্বে নির্মিত হয়েছে বিধায় প্রতি বর্গফুট ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা আদায়পূর্বক উক্ত অননুমোদিত নির্মাণ নিয়মিত করা এবং উত্তরাধিকারীদের মধ্যে আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯: রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন খালি জায়গায় আসন্ন পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারার সরকারী দর অনুমোদনসহ ইজারা প্রদানের ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী বাজার সংলগ্ন আনুমানিক ৩.০০ একর খালি জায়গায় রয়েছে। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২১ উপলক্ষে উক্ত খালি জায়গায় প্রতি বছরের ন্যায় গরু/ছাগলের হাট ইজারা প্রদানের জন্য গত ০৩ (তিন) বছরের হাট ইজারার সর্বোচ্চ দর নিয়ে প্রদত্ত হলোঃ

ক্রমিক নং	সাল	সর্বোচ্চ দর (টাকা)	মন্তব্য
১.	২০১৮	১,২৫,৫০,০০০/-	--
২.	২০১৯	১,২৬,০৩,০০০/-	--
৩.	২০২০	৭০,৫০,০০০/-	দরপত্র দাখিল না করায় এবং করোনার জন্য খাস আদায় করা হয়েছে।
মোট =		৩,২২,০৩,০০০/-	

উক্ত হাট ইজারার গত ০৩(তিন) বছরের প্রাপ্তদরের গড় ১,০৭,৩৪,৩৩৪/- (এক কোটি সাত লক্ষ চৌত্রিশ হাজার তিনশত চৌত্রিশ) টাকা সর্বনিম্ন সরকারী দর নির্ধারণ করে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় কর্তৃক অনুমোদিত কার্যবৃত্তপত্রের আলোকে পত্রিকায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত হাট ইজারার অনুমতির ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন খালি জায়গায় আসন্ন পবিত্র ঈদ উল আযহা-২০২১ উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারার নিমিত্ত ১,০৭,৩৪,৩৩৪/- (এক কোটি সাত লক্ষ চৌত্রিশ হাজার তিনশত চৌত্রিশ) টাকার সর্বনিম্ন সরকারী দর ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১০: পবিত্র ঈদ-উল-আযহা-২০২১ উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন খালি স্থানে গরু-ছাগলের হাট ইজারার নিমিত্ত প্রাপ্ত দরের বিবরণী।

আলোচনা: আসন্ন পবিত্র ঈদ উল আযহা-২০২১ উপলক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী বাজার সংলগ্ন আনুমানিক ৩.০০ একর খালি জায়গায় গরু/ছাগলের হাট ইজারা প্রদান করার নিমিত্ত ১২৫ টি সিডিউল বিক্রি হয়। তন্মধ্যে গত ২৯/৬/২০২১ তারিখে মোট ৭টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্র সমূহের তুলনামূলক বিবৃতি নিয়ে প্রদত্ত হলোঃ

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম	দাখিলকৃত দর	মন্তব্য
০১.	হামিদা এন্টারপ্রাইজ, প্রোঃ হামিদা সুলতানা	১,৬৩,০০,০০০/-	সর্বোচ্চ দর
০২.	জনাব মোঃ মহসিন বাদল, পিতা- বাবু মিয়া	১,৫৩,০০,০০০/-	২য় সর্বোচ্চ দর
০৩.	মোঃ মাদ্দনুল ইসলাম, পিতা- মোঃ আনোয়ার হোসেন	১,৪০,০০,০০০/-	৩য় সর্বোচ্চ দর
০৪.	ফ্রিডম ড্রেডিং, প্রঃ বীর মুক্তিযোদ্ধা হাফিজুল ইসলাম খান	১,২১,০০,০০০/-	
০৫.	জনাব ইমতিয়াজ আহমেদ, পিতা- মিলন মিয়া	১,২১,০০,০০০/-	
০৬.	মোঃ রানা আহমেদ, পিতা- মোঃ সাইজ উদ্দিন	১,১৫,০০,০০০/-	
০৭.	রাফিক হাওলাদার, পিতা- মোঃ সবির হাওলাদার	১,১০,০০,০০০/-	

সিদ্ধান্ত: প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে সারা দেশ জুড়ে লক ডাউন জারি হওয়া এবং কোরবানীর গরুর হাটের বিষয়ে সরকারী সিদ্ধান্ত অনুকূলে থাকা সাপেক্ষে হামিদা এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ১,৬৩,০০,০০০/- (এক কোটি তেরশত লক্ষ) টাকার সর্বোচ্চ দরে কোরবানী উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১১: মুসলিম মডার্ন স্কুল ক্যান্টিন, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ক্যান্টিন ও ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিনের ভাড়া মওকুফের নিমিত্ত ইজারা গ্রহীতগণের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ এবং স্বাস্থ্য বিধি মেনে চলার কারণে বাংলাদেশের স্কুল-কলেজসমূহ বন্ধ রয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত মুসলিম মডার্ন একাডেমী ও শহীদ রমিজ উদ্দিন স্কুল ক্যান্টিন পরিচালনা করার জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ৫ বছর মেয়াদে এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিনটি মাসিক ১২,০০০/- (বার হাজার) টাকা ভাড়া অক্টোবর ২০২০ হতে ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত রমজান মাস ব্যতিত ১১(এগার) মাসের জন্য ইজারা প্রদান করা হয়েছে। উক্ত ক্যান্টিনসমূহের বিবরণ নিয়ে প্রদত্ত হলোঃ

প্রতিষ্ঠান	মাসিক ভাড়া	পূর্বের মওকুফ	মওকুফের জন্য আবেদন
মুসলিম মডার্ন একাডেমী ক্যান্টিন	২,৫০০/-	১/৭/২০ হতে ৩১/১২/২০ পর্যন্ত সম্পূর্ণ ভাড়া	০১/১/২১ হতে করোনা সময় পর্যন্ত
শহীদ রমিজ উদ্দিন ক্যান্টিনমেন্ট স্কুল ক্যান্টিন	২,৫০০/-	১/৭/২০ হতে ৩১/১২/২০ পর্যন্ত সম্পূর্ণ ভাড়া	০১/১/২১ হতে করোনা সময় পর্যন্ত
ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিনটি	১২০০০/-	পূর্বে মওকুফ করা হয়নি	০১/১/২১ হতে ৩০/৬/২১ পর্যন্ত অর্ধেক ভাড়া মওকুফ

সিদ্ধান্ত: বিষয়টির উপর আলোচনান্তে মুসলিম মডার্ন একাডেমী ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ক্যান্টিন ০১ জানুয়ারি, ২০২১ তারিখ হতে করোনা অতিমারী কালীন স্কুল বন্ধ থাকার সময় পর্যন্ত সমুদয় ভাড়া এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিনের ভাড়া ০১ জানুয়ারি, ২০২১ তারিখ হতে ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত অর্ধেক মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে, উক্ত সময়ের যাবতীয় ইউটিলিটি বিল বরাদ্দলাভকারীকে যথানিয়মে পরিশোধ করতে হবে।

আলোচ্যবিষয়-১২: রজনীগন্ধা সুপার মার্কেটের কারপার্কিং এবং রজনীগন্ধা টাওয়ার পার্কিং এর দৈনিক খাস আদায়ের ভাড়া কমানো প্রসংগে ইজারা গ্রহীতার আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা:

রজনীগন্ধা সুপার মার্কেট কারপার্কিং টি দৈনিক ভিত্তিতে খাস আদায়ের নিমিত্ত ১০/০৩/২০২১ তারিখে প্রকাশ্য নিলাম ডাক গ্রহণ করা হয়। উক্ত ডাকে ০৩(তিন) জন অংশ গ্রহণ করেন। তার মধ্যে জনাব মোঃ পান্নু মিয়া, পিতা-মোঃ আলী বকস কর্তৃক দাখিলকৃত রজনীগন্ধা সুপার মার্কেটের কারপার্কিং এর জন্য প্রতিদিন ৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং রজনীগন্ধা টাওয়ার পার্কিং এর জন্য প্রতিদিন ৮,৫৫০/- (আট হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা হারে সর্বোচ্চ দরদাতা বিবেচিত হন। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা ০১/০৪/২০২১ তারিখ হতে ৩০/০৯/২০২১ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাসের অগ্রিম বাবদ ০২(দুই)টি পার্কিং এর জন্য মোট (১১,৪৩,৭৫০/- + ১৫,৬৪,৬৫০/-) = ২৭,০৮,৪০০/- (সাতাশ লক্ষ আট হাজার চারশত) টাকা অত্র দপ্তরে জমা করেন। বর্তমানে করোনো সংক্রমন বৃদ্ধি পাওয়ায় লকডাউন চলাকালীন অর্থাৎ ১০/০৩/২০২১ হতে ০৯/০৬/২০২১ তারিখ পর্যন্ত পার্কিং এরিয়ায় কোন ধরনের গাড়ী প্রবেশ না করায় উক্ত ০৩(তিন) মাস সময়ের দৈনিক খাস আদায় মওকুফ করার জন্য জনাব মোঃ পান্নু মিয়া ০৯ জুন ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। টোল ফি আদায়ের বিবরণ নিম্নরূপঃ-

পার্কিং নাম	প্রতিদিনের ফি	বর্তমান মেয়াদ	টাকা	মওকুফের আবেদন
মার্কেট কার পার্কিং	৬২০০/-	১/৪/২১ হতে ৩০/৯/২১ পর্যন্ত ৬ মাস	১১,৪৩,৭৫০/-	১০/৩/২১ হতে ৯/৬/২১ পর্যন্ত ৩ মাস
টাওয়ার পার্কিং	৮৫০০/-	১/৪/২১ হতে ৩০/৯/২১ পর্যন্ত ৬ মাস	১৫,৬৪,৬৫০/-	১০/৩/২১ হতে ৯/৬/২১ পর্যন্ত ৩ মাস
		মোট আদায় করা হয়েছে	২৭,০৮,৪০০/-	

উল্লেখ্য গত ১৯-২০ আর্থিক সালে করোনার কারণে এপ্রিল, মে ও জুন ২০২০ মাসে ৫০% ফি এবং কোরবানির পশুর হাটের জন্য ১০ দিনের টাওয়ার পার্কিং এর ইজারা ফি মওকুফ করা হয়। এমতাবস্থায় আবেদনের বিষয়ে আলোচনা সিদ্ধান্ত।

সিদ্ধান্ত:

রজনীগন্ধা সুপার মার্কেট কার পার্কিং ও রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং এর ইজারার সমুদয় অর্থ অগ্রিম পরিশোধিত হওয়ায় ইজারা ফি কমানোর সুযোগ নেই বিধায় করোনো অতিমারির কারণে উক্ত কার পার্কিং দু'টির ইজারা মেয়াদ বিনা মাসুলে ৪৫(পঁয়তাল্লিশ) দিন বৃদ্ধি করার এবং কোরবানী উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটে গরু-ছাগলের হাট বসার কারণে রজনীগন্ধা টাওয়ার পার্কিং এর ভাড়া ০৭(সাত) দিনের জন্য মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৩: রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেল এর ২০২০-২০২১ অর্থ বছরের হোল্ডিং ট্যাক্স পূর্বের ন্যয় পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা:

ঢাকা সেনানিবাসে ৭.১৮ একর 'বি' শ্রেণীভুক্ত জমিতে সেনা হোটেল ডেভেলপমেন্টস লিমিটেড এর মালিকানাধীন পাঁচ তারকা মানের ০৬ তলা বিশিষ্ট রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন হোটেলটি বাণিজ্যিক এলাকায় অবস্থিত। উক্ত ০৬(ছয়) তলা হোটেলের আয়তন ২১৪১১১.৮১ বর্গফুট। উক্ত হোটেলের ২০০৯-২০১০ আর্থিক সাল হতে প্রতি বর্গফুট ৪/- (চার) টাকা হারে ১০২০০০ বর্গফুটের উপর ৫,১০,০০০/- (পাঁচ লক্ষ দশ হাজার) টাকা এবং ২০১৫-২০১৬ আর্থিক সাল হতে প্রতি বর্গফুটের জন্য ৪/- (চার) টাকা হারে ২১৪১১১.৮১ বর্গফুটের উপর বার্ষিক ১০,৭০,৫৫৯/- (দশ লক্ষ সত্তর হাজার পাঁচশত ঊনষাট) টাকা হারে হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করা হয় এবং উক্ত হোল্ডিং ট্যাক্স ২০১৯-২০২০ আর্থিক সাল পর্যন্ত পরিশোধ করা হয়েছে। ক্যান্টনমেন্ট আইন ২০১৮ এর ৬৩ ধারায় প্রতি তিন বছর অন্তর অন্তর গৃহকর পুনঃনির্ধারণের বিষয় উল্লেখ রয়েছে। উক্ত হোটেলের হোল্ডিং ট্যাক্স ধার্যের পর হতে ০৩(তিন) বছর অতিবাহিত হয়েছে। হোল্ডিং ট্যাক্স পুনঃনির্ধারণের বিষয়টি ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২০ এর মাধ্যমে গঠিত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ২২ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৯ এর সিদ্ধান্তে প্রতি বর্গফুট ৭.৫০ টাকা হারে নির্ধারণ করা হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ২,১৪,১১১.৮১ বর্গফুট আয়তনের জন্য প্রতি বর্গফুট ৭.৫০ টাকা হারে মোট বার্ষিক ২০,০৭,২৯৮/- (বিশ লক্ষ সাত হাজার দুইশত আটানব্বই) টাকা হোল্ডিং ট্যাক্স ২০২০-২০২১ তারিখ হতে পুনঃনির্ধারণ করে পরিশোধের জন্য করে পত্র প্রদান করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট, প্রযুক্ত: সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসার পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ১৪ মার্চ ২০২১ তারিখের ৪৭২১/১/এসএইচডিএল/প্রকল্প নং পত্রে বৈশ্বিক মহামারীর কারণে রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন এবং এডব্লিউটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বিধায় গৃহকর পূর্বের ন্যয় ১০,৭০,৫৫৯/- (দশ লক্ষ সত্তর হাজার পাঁচশত ঊনষাট) টাকা বহাল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে। এমতাবস্থায় রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন এর হোল্ডিং ট্যাক্স গ্রহণের বিষয়ে ১৪ মার্চ ২০২১ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে কমিটি কর্তৃক ধার্যকৃত রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেল এর হোল্ডিং ট্যাক্স প্রতি বর্গফুট ৭.৫০ (সাত টাকা পঞ্চাশ পয়সা) যুক্তিযুক্ত মর্মে বোর্ডসভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। এ প্রেক্ষিতে হোল্ডিং ট্যাক্স কমানোর অবকাশ নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-১৪: মহাখালী ডিওএইচএস এর ৪৮৮/এ নং বাড়ীর মালিক মেজর জেনাঃ আব্দুস সালাম চৌধুরী এবং কচুক্ষেত পুরান বাজার এলাকার ২০৪/১ নং বাড়ীর ২য় তলার মালিক জনাব আবুল কালাম তালুকদার বীর মুক্তিযোদ্ধা হিসেবে নিজ মালিকানাধীন বাড়ী/ফ্ল্যাটের গৃহকর মওকুফের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এবং কচুক্ষেত পুরান বাজার এলাকার নিম্নবর্ণিত বাড়ী/ফ্ল্যাট মালিকগণ বীর মুক্তিযোদ্ধা হিসেবে গৃহকর মওকুফ করার আবেদন করেছেন:-

ক্র নং	প্লট/বাড়ী নং	এলাকার নাম	মালিকের নাম	মন্তব্য
১.	৪৮৮/এ	ডিওএইচএস মহাখালী	মেজর জেনাঃ আব্দুস সালাম চৌধুরী	
২.	সিবি-২০৪/১ (২য় তলা)	কচুক্ষেত পুরান বাজার	জনাব আবুল কালাম তালুকদার	

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী “রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের মালিকানাধীন ইমারত বা জমিতে তাহাদের নিজস্ব বসবাসকৃত অংশের উপর হোল্ডিং কর এবং অন্যান্য প্রকৃত মুক্তিযোদ্ধাগণের বসবাসের নিজস্ব মালিকানাধীন হোল্ডিং এ অবস্থিত ইমারত বা জমির উপস্থিত ১,০০০(এক হাজার) বর্গফুট আয়তন পর্যন্ত ফ্ল্যাটের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে না; তবে শর্ত থাকে যে মুক্তিযোদ্ধাদের মালিকানাধীন ইমারত বা জমির কোন অংশ বাণিজ্যিক বা ভাড়া বা লাভজনক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ইমারত বা জমির অংশের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে।” এমতাবস্থায় তাঁদের আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র অনুযায়ী প্রকৃত মুক্তিযোদ্ধা হিসেবে ১০০০(এক হাজার) বর্গফুট আয়তনের ফ্ল্যাটের হোল্ডিং কর মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: সরকারী নির্দেশনার আলোকে মহাখালী ডিওএইচএস এর ৪৮৮/এ এবং কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২০৪/১ (২য় তলা) প্লটে নির্মিত বাড়ী/ফ্ল্যাট মালিকের মুক্তিযোদ্ধা সনদ ও গেজেট যাচাই সাপেক্ষে নিজস্ব বসবাসকৃত অংশের ১০০০ বর্গফুট পর্যন্ত আয়তনের হোল্ডিং ট্যাক্স মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো। ভবিষ্যতে সরকারী নির্দেশনার আলোকে গৃহকর মওকুফের নিমিত্ত যথাযথ প্রমাণসহ বীর মুক্তিযোদ্ধাগণের আবেদনের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার যাচাই-বাছাইয়ান্তে বিষয়গুলো নিষ্পত্তি করবে।

আলোচ্যবিষয়-১৫: ঢাকা সেনানিবাস এলাকায় রিকশা চলাচলের নিমিত্ত ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত রিকশা লাইসেন্স এর মেয়াদ বৃদ্ধির বিষয়ে মালিকগণের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা সেনানিবাসে চলাচলের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক টেন্ডার এবং লটারীর মাধ্যমে প্রতিটি রিকশা লাইসেন্স বার্ষিক ৭,২০০/- (সাত হাজার দুইশত) টাকা হারে মোট ১০২০টি রিকশা লাইসেন্স এর সমুদয় ইজারা মূল্য গ্রহণপূর্বক ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত ইজারা প্রদান করা হয়। পরবর্তীতে বিভিন্ন সুপারিশের ভিত্তিতে আরও ১৫৮(একশত আটত্রিশ) টি লাইসেন্স প্রদান করা হয়। বর্তমানে সর্বমোট ১১৭৮ টি রিকশা লাইসেন্স প্রদান করা হয়েছে। করোনা কালীন সময়ে স্কুল কলেজ বন্ধ থাকায় ইজারা গ্রহীতগণের আবেদনের প্রেক্ষিতে ১৬ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৪ এর সিদ্ধান্ত মোতাবেক এপ্রিল ও মে ২০২০ মাসের ভাড়া মওকুফ করা হয় এবং তাদের অনুকূলেই জুন ২০২১ তারিখ পর্যন্ত লাইসেন্স মেয়াদ বৃদ্ধি করা হয়, যার মেয়াদ ৩০ জুন ২০২১ তারিখে উত্তীর্ণ হবে। ইজারা গ্রহীতগণ ৩০/৫/২০২১ তারিখের আবেদনে করোনা প্রাদুর্ভাব বৃদ্ধি হওয়ায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন মর্মে রিকশা লাইসেন্স এর পূর্বনির্ধারিত মাসিক ভাড়া ৬০০/- (ছয়শত) টাকার স্থলে ৩০০/- (তিনশত) টাকা নির্ধারণসহ তাদের নামে নবায়ন/মেয়াদ বৃদ্ধির জন্য অনুরোধ করেছেন। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদানকৃত রিকশা লাইসেন্স এর তথ্য নিম্নে প্রদত্ত হলো:-

ক্র:নং	ক্যাটাগরি	রুট-১			রুট-২			সর্বমোট
		লট	সংখ্যা	মোট	লট	সংখ্যা	মোট	
১.	সেনা সদস্য (অবঃ)	৭	২০	১৪০	১৮	২০	৩৬০	৫০০
২.	ক্যান্টঃ বোর্ড কর্মচারী (অবঃ)	০	০	০	১	২০	২০	২০
৩.	ক্যান্টঃ বোর্ড ঠিকাদার	২	২০	৪০	২	২০	৪০	৮০
৪.	এমইএস ঠিকাদার	১	২০	২০	০	০	০	২০
৫.	গ্যারেজ মালিক	০	০	০	২	২০	৪০	৪০
৬.	গ্যারেজ ভাড়াটিয়া	৬	২০	১২০	১২	২০	২৪০	৩৬০
	দরপত্রের মাধ্যমে	১৬	২০	৩২০	৩৫	২০	৭০০	১০২০
৭.	স্টেশন সদর দপ্তর এর মাধ্যমে			৩৩			৫৩	৮৬
৮.	বোর্ড সভায় প্রতিবন্ধীদের প্রদান			১৬			২৮	৪৪
৯.	অন্যান্য সুপারিশ			১১			১৭	২৮
	সর্বমোট			৩৮০			৭৯৮	১১৭৮

উল্লেখ্য প্রতিটি লাইসেন্সের জন্য প্রতিদিন ২০/- (বিশ) টাকা হারে বার্ষিক ৭,২০০/- (সাত হাজার দুইশত) টাকা এককালীন আদায় করা হয়। উক্ত খাতে ২০১৯-২০২০ আর্থিক সালের ০৬ মাসে মোট ৩৬,৭২,০০০/- (ছত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা আয় হয় এবং ২০২০-২০২১ আর্থিক সালে মার্চ ২০২১ তারিখ পর্যন্ত মোট ৬৬,১৭,৭৫০/- (ছেষট্টি লক্ষ সতের হাজার সাতশত পঞ্চাশ) টাকা আয় হয়েছে। ২০২১-২০২২ অর্থ বৎসরে আয়ের লক্ষ্যমাত্রা (১১৭৮×৭২০০)=৮৪,৮১,৬০০/- (চুরাশি লক্ষ একাশি হাজার ছয়শত) টাকা। এমতাবস্থায় করোনাকালীন সময়ে রিকশার মাসিক ভাড়া কমানো এবং মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসে চলাচলের জন্য রিকশা লাইসেন্স ১০(দশ)টির একেকটি লট করে সশস্ত্র বাহিনীর অবসর প্রাপ্ত সদস্য, ক্যান্টনমেন্ট বোর্ডের অবসর প্রাপ্ত কর্মচারী, প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মৃত/শহীদ পরিবার ও অসামরিক কোটায় বরাদ্দ প্রদানের নীতিমালা প্রস্তুত ও নতুন টেন্ডার করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলোঃ-

- | | | | |
|-----|--|----|------------|
| (১) | মেজর মোঃ নাজমুল হক
এসটিও, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | মেজর রাশেদ মাহমুদ, আটিলারী
এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা। | -- | সদস্য |
| (৩) | জনাব মোঃ ওমর ফারুক
রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |

আলোচ্যবিষয়-১৬: পত্রিকায় প্রকাশিত মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪৬ টি দোকান/স্পেস বিক্রয় বিজ্ঞপ্তি ভূতাপেক্ষ অনুমোদন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: সেনাসদরের নির্দেশনা মোতাবেক অবিক্রিত দোকান এবং চলমান কিস্তিতে ইজারা প্রক্রিয়াধীন অনিয়মিত ৪৬ টি দোকান/স্পেস এককালীন পরিশোধে ১০% রিবেট দেয়ার শর্তে প্রেসিডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত কার্যবৃত্তপত্র মোতাবেক ০৩টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: প্রস্তাবনাটির উপর আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর অবিক্রিত এবং চলমান কিস্তিতে ইজারা প্রক্রিয়াধীন অনিয়মিত ৪৬ টি দোকান/স্পেসের ইজারা বিজ্ঞপ্তি ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৭: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১১ টি দোকানের ইজারা বাতিল এবং উক্ত দোকানের জামানত ও সালামী ফেরত দেয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের চলমান কিস্তির মোট ৩৮ টি দোকান রয়েছে। উক্ত দোকানসমূহের সমুদয় সালামী এককালীন ৩০/০৫/২০২১ তারিখের মধ্যে পরিশোধ করার জন্য চূড়ান্ত পত্র প্রদান করা হয়। উক্ত পত্র মোতাবেক বকেয়া সালামী বাবদ মোট ১,৬৬,০১,৮৫৩/- (এক কোটি ছেষট্টি লক্ষ এক হাজার আটশত তিপ্পান) টাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আদায় করা হয়েছে। এছাড়া নিম্নবর্ণিত ১১টি দোকানের সমুদয় সালামী পরিশোধ না করায় ইজারা বাতিল করার সিদ্ধান্ত নেয়া যায়ঃ-

ক্রঃ নং	ইজারা গ্রহীতার নাম	দোকান নং	প্রাপ্য সালামী	পরিশোধিত সালামী	পাওনা সালামী	নোটিশ প্রদানের পর পরিশোধিত সালামী	অবশিষ্ট পাওনা সালামী	মন্তব্য
১।	রিপেঃ জেনাঃ শওকত আলী (অবঃ)	৬ষ্ঠ তলা- ০১	২৭,৭৩,৪৪১/-	১,০০,০০০/-	২৬,৭৩,৪৪১/-	---	২৬,৭৩,৪৪১/-	চূড়ান্ত অনুমোদন হয়নি
২।	সুফি ইকবাল আহমেদ	৬ষ্ঠ তলা- ০৫	২৬,৫৩,০১২/-	১,০০,০০০/-	২৫,৫৩,০১২/-	---	২৫,৫৩,০১২/-	
৩।	মোঃ রোমেল আরাফাত	৬ষ্ঠ তলা- ১৪	১২,৭১,১২৫/-	১,০০,০০০/-	১১,৭১,১২৫/-	---	১১,৭১,১২৫/-	০৮ টি কিস্তিতে সালামী পরিশোধের জন্য পত্র দেয়া হয়েছে। সর্বশেষ সালামী পরিশোধের তারিখ-২০/১১/২১
৪।	মোঃ শওকত আহমেদ	৬ষ্ঠ তলা- ১৯	১৪,০৫,০৫০/-	১,০০,০০০/-	১৩,০৫,০৫০/-	---	১৩,০৫,০৫০/-	
৫।	অমল হালদার	৬ষ্ঠ তলা- ২৮	১৯,৪১,১২০/-	১,০০,০০০/-	১৮,৪১,১২০/-	---	১৮,৪১,১২০/-	
৬।	মোঃ ইকবাল হোসেন	৬ষ্ঠ তলা- ৩১	১১,৪৪,৭৫০/-	১,০০,০০০/-	১০,৪৪,৭৫০/-	---	১০,৪৪,৭৫০/-	
৭।	তানভীর আহমেদ	৭ম তলা- ০৭	১৭,৩৮,২৮৬/-	১,০০,০০০/-	১৬,৩৮,২৮৬/-	---	১৬,৩৮,২৮৬/-	

৮।	মোঃ শিহাব উদ্দিন	৭ম তলা- ২৪	১৫,৪৫,৮৫৫/-	১,০০,০০০/-	১৪,৪৫,৮৫৫/-	---	১৪,৪৫,৮৫৫/-	
৯।	মোঃ মেসবাহ উদ্দিন ও রিদওয়ান আবইয়াব	৭ম তলা- ২৭	৩০,৩৭,১০০/-	১,০০,০০০/-	২৯,৩৭,১০০/-	---	২৯,৩৭,১০০/-	চূড়ান্ত অনুমোদন হয়নি
১০।	সাহাওয়ান আবইয়ান	৭ম তলা- ২৮	২৮,৬৫,৪০১/-	১,০০,০০০/-	২৭,৬৫,৪০১/-	---	২৭,৬৫,৪০১/-	চূড়ান্ত অনুমোদন হয়নি
১১।	রোজলিন তালুকদার	১ম তলা- ৪৫	২৯,৬৯,৭৮৫/-	১,০০,০০০/-	--	--	--	বরাদ্দ প্রক্রিয়া অনুমোদিত হয়নি

এমতাবস্থায়, উপরোক্ত ১১ টি দোকানের ইজারা বাতিল, ক্রমিক নং-১, ৯, ১০ ও ১১ এর জামানত ফেরত এবং অবশিষ্ট ক্রঃ নং- ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ এর জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিলের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত তালিকার ক্রমিক নং-১, ৯, ১০ ও ১১ এ উল্লেখিত ০৪(চার)টি দোকানের ইজারা চূড়ান্ত অনুমোদন হয়নি এবং শুধুমাত্র জামানত জমা করেছেন বিধায় তাদের ইজারা বাতিলসহ জামানত ফেরত এবং ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ এ উল্লেখিত ০৭(সাত)টি দোকানের জামানত বোর্ডের অনুকূলে বাজেয়াপ্তসহ ইজারা বাতিলের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৮: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০২টি দোকানের ইজারা দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের চলমান কিস্তির ২৮টি এবং অবিক্রিত ১৮ টিসহ মোট- ৪৬টি দোকান/স্পেসসমূহ এককালীন সালামী পরিশোধের মাধ্যমে ১০% রিবেট সুযোগ দিয়ে ইজারা প্রদানের নিমিত্ত ৩০/০৫/২১ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্র অনুযায়ী চলমান কিস্তির দোকান হতে নিম্নবর্ণিত ০২ টি দোকানের দাখিলকৃত দর অনুযায়ী সমুদয় সালামীর অর্থসহ দরপত্র দাখিল করেছেনঃ-

ক্রঃ নং	দাখিলকৃত দরদাতার নাম	তলা ও দোকান নং	দোকানের আয়তন	সরকারী দর প্রতি বর্গফুট	প্রাপ্ত দর	মোট দর	দাখিলকৃত মোট দর ১০% রিবেটসহ
০১.	মনজুরুল হক পিতা- আব্দুল হাই	৬ষ্ঠ তলা- ০২	১৩১.৯০ বর্গফুট	১২,০০০/-	১২,৯৮৯/ ৬৫	১৭,১৩,৩৩৩/-	১৫,৪২,০০০/-
০২.	কর্ণেল জেবুন নাহার স্বামী- ব্রিঃ জেনাঃ মোহাঃ আব্দুল হালিম	৬ষ্ঠ তলা- ০৩	১২৯.২১ বর্গফুট	১২,০০০/-	১৩,২৬০/	১৭,১৩,৩৩৩/-	১৫,৪২,০০০/-

মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের উপরোক্ত ৬ষ্ঠ তলার ০২ নং দোকানের পূর্বের ইজারা বাতিলপূর্বক জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে উক্ত দোকানের বিপরীতে প্রাপ্য সকল পাওনার পে-অর্ডারসহ দরপত্র দাখিলকারী জনাব মনজুরুল হক, পিতা- আব্দুল হাই এর দাখিলকৃত দর অনুমোদন এবং ৬ষ্ঠ তলার ০৩ নং দোকানের পূর্বের ইজারা বাতিলপূর্বক উক্ত দোকানের বিপরীতে প্রাপ্য সকল পাওনার পে-অর্ডারসহ দরপত্র দাখিলকারী কর্ণেল জেবুন নাহার, স্বামী- ব্রিঃ জেনাঃ মোহাঃ আব্দুল হালিম এর দর অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য ৬ষ্ঠ তলার ০৩ নং দোকানটির পাওনা সালামী ৪টি কিস্তি বাবদ ৯,৫৭,২৮৩/- টাকা ৩০/০৫/২১ তারিখের মধ্যে পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশ অনুযায়ী কোন সালামী পরিশোধ করেননি। যেহেতু উক্ত ৬ষ্ঠ তলার ০৩ নং দোকানটি বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইজারা প্রদানের নিমিত্ত এককালীন সকল পাওনাসহ দরপত্র/আবেদন পাওয়ায় উক্ত দোকানের বিপরীতে জমাকৃত সমুদয় সালামী ফেরত প্রদানের বিষয়ে এবং দোকান ০২টি ইজারা বাতিল ও পুনঃইজারা দর অনুমোদনের জন্য বোর্ডসভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

- সিদ্ধান্ত:**
- মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৬ষ্ঠ তলা-৩ নং দোকানের ইজারা গ্রহীতা জনাব আবু তাহের খান জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং কিস্তি হিসেবে ৬,৩৪,৩৬৮/- (ছয় লক্ষ ত্রিশ হাজার তিনশত আটষট্টি) টাকা জমা করার পর অবশিষ্ট ৯,৫৭,২৮৩/- (নয় লক্ষ সাতান্ন হাজার দুইশত তিরিশি) টাকা পরিশোধ না করায় পুনঃইজারা বিজ্ঞপ্তির মাধ্যমে দোকানটি বিক্রয় করা হয় বিধায় তার জমাকৃত সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
 - মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৬ষ্ঠ তলা-২ নং দোকানের বিপরীতে ইজারা গ্রহীতা কর্তৃক জামানত ব্যতীত কোন কিস্তির টাকা জমা না করায় উক্ত দোকানের ইজারা বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।
 - মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৬ষ্ঠ তলা-২ নং দোকানের বিপরীতে জনাব মনজুরুল হক কর্তৃক রিবেটসহ দাখিলকৃত ১৫,৪২,০০০/- (পনের লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা ও ৬ষ্ঠ তলা-৩ নং দোকানের বিপরীতে কর্ণেল জেবুন নাহার কর্তৃক রিবেটসহ দাখিলকৃত ১৫,৪২,০০০/- (পনের লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকার দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৯: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের গোলস্পেস ও বর্গাকার স্পেসের সরকারী মূল্য প্যাকেজ দর হিসাবে পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

আলোচনা: বর্তমানে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে ২৯ টি বিভিন্ন সাইজের দোকান/স্পেস অবিক্রিত রয়েছে। উক্ত দোকান/স্পেসসমূহের মধ্যে ১৭৪৭.৫৭ বর্গফুট আয়তন বিশিষ্ট গোল স্পেসসমূহ এবং ৯০২.৪৭ বর্গফুট বিশিষ্ট বর্গাকার স্পেসসমূহ অবিক্রিত রয়েছে। উক্ত বড় স্পেসসমূহ বারংবার পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া সত্ত্বেও অদ্যবধি বিক্রয় করা যাচ্ছে না। বর্ণিত গোল স্পেসসমূহের সরকারী মূল্য ১৪,৭২,৩৪,৯৭৫/- (চৌদ্দ কোটি বাহাত্তর লক্ষ চৌত্রিশ হাজার নয়শত পঁচাত্তর) এবং বর্গাকার স্পেসের সরকারী মূল্য ২,৩৯,১৫,৪৫৫/- (দুই কোটি উনচল্লিশ লক্ষ পনের হাজার চারশত পঞ্চাশ) টাকাসহ মোট মূল্য (১৪,৭২,৩৪,৯৭৫+২,৩৯,১৫,৪৫৫) = ১৭,১১,৫০,৪৩০/- (সতের কোটি এগার লক্ষ পঞ্চাশ হাজার চারশত ত্রিশ) টাকা। ২৯ টি দোকানের মোট মূল্য ২১,৪৮,৯১,৯৬৫/- (একুশ কোটি আটচল্লিশ লক্ষ একানব্বই হাজার নয়শত ষয়ষষ্টি) টাকা। বড় স্পেসসমূহের দাম বেশি হওয়ায় এককালীন সালামী পরিশোধের জন্য কোন গ্রাহক উৎসাহী হচ্ছে না বিধায় এতে বোর্ডের আর্থিক ক্ষতি হচ্ছে। গোল স্পেস এবং বর্গাকার স্পেস এর দোকানসমূহের প্যাকেজ দর নির্ধারণ পূর্বক বিক্রয় করা গেলে ৮০% বকেয়া টাকা আদায় হয়ে যাবে। উল্লেখ্য, উক্ত মার্কেট নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড তহবিল হতে ২০ কোটি ৭০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। উল্লেখিত বড় স্পেসগুলো বিক্রয় হয়ে গেলে এ ঋণ পরিশোধ করা সম্ভব হবে এবং আর্থিক ক্ষতি কাটিয়ে উঠা যাবে। উক্ত স্পেসসমূহ হতে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাপ্য আয় অর্জন করতে সক্ষম হবে। এক্ষেত্রে গোল স্পেস এবং বর্গাকার স্পেসের নিম্নবর্ণিতভাবে প্যাকেজ দর নির্ধারণ করা যেতে পারে:

গোল স্পেস ১৭৪৭.৫৭ বর্গফুটঃ

ক্রমিক নং	গোল স্পেসসমূহের গড় দর	প্রতিটি গোল স্পেসের প্রস্তাবিত প্যাকেজ দর	মন্তব্য
